



সাধারণ বীমা কর্পোরেশন

SADHARAN BIMA CORPORATION

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

www.sbc.gov.bd


সূত্র নং- সাবীক/মাঃসঃ/প্রঃকাঃ/শৃংখলা/২০২১/৩৭৯৯

তারিখঃ ১১-১১-২০২১

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ আবুল কাশেম, দপ্তরী, প্রশাসন বিভাগ, ঢাকা জোন, ঢাকা-এর বিরুদ্ধে সংস্থার প্রধান কার্যালয় ভবন, সাধারণ বীমা সদন ভবন (২৪-২৫, দিলকুশা বা/এ, ঢাকা), সাবীক টাওয়ার ভবন (৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা) ও সাবীক ভবন-২ (১৩৯, মতিঝিল বা/এ, ঢাকা)-এ ও এর চারপাশে বিভিন্নভাবে অবৈধ দোকান গড়ে ওঠা, উল্লিখিত অবৈধ দোকানে সদন ভবনের বৈদ্যুতিক লাইনের ব্যবহার করা, রাত্রে সদন ভবনের অফিসে বহিরাগতদের অবৈধ বসবাস করাসহ সংশ্লিষ্টদের নিকট থেকে অবৈধভাবে ভাড়া আদায় সংক্রান্ত কাজে জড়িত থাকার অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের দায়ে তদন্তপূর্বক আপনাকে সাবীক কর্মচারী প্রবিধানমালা-১৯৯২ এর ৩৭(খ) ও (চ) ধারায় অভিযুক্ত করা হয়।

আনীত অভিযোগ, আপনার জবাব এবং তদন্ত প্রতিবেদন ইত্যাদি বিবেচনা করে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত হওয়ায় পরিচালনা বোর্ডের ৬৩৮ তম সভার অনুমোদনক্রমে সাবীক কর্মচারী প্রবিধানমালা-১৯৯২ এর প্রবিধান ৩৮(১)(ক)(১) অনুযায়ী 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো। যা এই আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।


(সৈয়দ শাহরিয়ার আহসান)
ব্যবস্থাপনা পরিচালক

জনাব মোঃ আবুল কাশেম
দপ্তরী
প্রশাসন বিভাগ
ঢাকা জোন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. জেনারেল ম্যানেজার, সাবীক, মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।
২. জেনারেল ম্যানেজার, সাবীক, ঢাকা জোন, ঢাকা।
৩. সহকারী জেনারেল ম্যানেজার, সাবীক, আইটি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৪. ব্যক্তিগত নথি/ সংশ্লিষ্ট নথি/ মাস্টার নথি/ নোটিশ বোর্ড।